যুগান্তর

তারিখ . 07 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ২

# নর্দান ইউনিভার্সিটিতে যুক্তরাজ্যের এলসিসিআই প্রোগ্রাম চালু

যুগান্তর রিপোর্ট

নর্দান ইউনিভার্সিটিতে যুক্তরাজ্যের পিয়ারসনের-এলসিসিআই প্রোগ্রাম চালু করা হয়েছে। এই প্রোগ্রামের মাধ্যমে বাংলাদেশের শিক্ষার্থীরা আন্তর্জাতিকমানের ডিগ্রি লাভ করতে পারবেন, যার মাধ্যমে বৈশ্বিক পর্যায়ে চাকরি বাজারে প্রতিযোগিতা করতে সক্ষম হবে। এলসিসিআই'র (লন্ডন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি) প্রোগ্রাম উদ্বোধন উপলক্ষে বুধবার ঢাকার একটি অভিজাত হোটেলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের ভিসি (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. এডব্লিউএম আবদুল হকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. এম শামসুল হক এবং পিয়ারসনের এশিয়া অঞ্চলের পরিচালক মি. সায়মন ইয়ং। অনুষ্ঠানে পিয়ারসনের বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার সাইদুর রহমান, রিজিওনাল ম্যানেজার শাহীন রেজা, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ওয়ান লি এবং মার্কেটিং ম্যানেজার লিওন লি বক্তৃতা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন নর্দান ইউনিভার্সিটির ওভারসিজ প্রোগ্রাম অ্যান্ড কোলাবোরেশনের পরিচালক জিল্লুর রহমান।

বিদেশী অনেক চাকরিদাতা প্রতিষ্ঠানই প্রার্থীদের যোগ্যতার শর্ত হিসেবে এলসিসিআই'র ডিপ্লোমা চেয়ে থাকে। এজন্য বাংলাদেশে অনেক শিক্ষার্থী পড়ালেখা শেষে বিদেশে গিয়ে চাকরি বাজারে উপেক্ষিত হন। তবে এখন থেকে এলসিসিআই ডিপ্লোমা বাংলাদেশের নর্দান ইউনিভার্সিটিতেই করার সুযোগ পাবেন শিক্ষার্থীরা।